এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ

ATAB

ASSOCIATION OF TRAVEL AGENTS OF BANGLADESH

২৬শে জানুয়ারি-২০২৫

# এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও এয়ারলাইনস কর্তৃক যাত্রীর নাম, পাসপোর্ট, ভিসা ছাড়া বাল্ক টিকেট বিক্রয় ও মজুতদারি বন্ধ করার দাবিতে সংবাদ সম্মেলন

**সুপ্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা,**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।**

## ভূমিকাঃ-

আটাব সরকার নিবন্ধিত প্রায় ৪০০০ ট্রাভেল এজেন্সির একটি অলাভজনক ও অরাজনৈতিক সংগঠন। আটাব ১৯৭৬ সালে প্রতিষ্ঠার পর থেকে সদস্যদের কল্যাণের পাশাপাশি বাংলাদেশের এভিয়েশন ও পর্যটন খাতের উন্নয়নের লক্ষ্যে দীর্ঘ দিন যাবৎ নিরলস ভাবে কাজ করছে। সাম্প্রতিক সময়ে বাংলাদেশের বেসামরিক বিমান পরিবহন খাতে চলমান অন্যতম বড় সমস্যা এয়ার টিকেটের অতিরিক্ত মূল্য বৃদ্ধি। এয়ার টিকেটের অনিয়ন্ত্রিত বাজার ব্যবস্থা ও যথাযথ পর্যবেক্ষণ না থাকায় অসাধু চক্র অতিরিক্ত মুনাফা আদায় করার উদ্দেশ্যে টিকেটের কৃত্রিম সংকট তেরি করে তিন/চার গুন বেশি দামে টিকেট বিক্রয় করে। এয়ার টিকেটের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও অনিয়ন্ত্রিত অস্থির বাজার ব্যবস্থার কারণে শ্রমিক যাত্রী ও সাধারণ যাত্রীদের চাহিদাকে পুঁজি করে ভাড়া বৃদ্ধি করে অতিরিক্ত মুনাফা করছে এয়ালাইন্সগুলো। একারণে প্রবাসীদের অভিবাসন ব্যয় বৃদ্ধি পাচ্ছে কয়েকগুন ফলশ্রুতিতে অতিরিক্ত আর্থিক চাপে পরে জমি-জমা, ঘর-বাড়ি সর্বস্ব বিক্রয় করে দিতে বাধ্য হয় প্রবাসী শ্রমিক।

❖ **এয়ার টিকেটের অস্বাভাবিক বর্ধিত ভাড়াঃ-**

### Air Fare Comparisons From Dhaka

| Airline's Name | Riyadh - Dhaka | | | Dammam - Dhaka | | | Jeddah - Dhaka | | | Madina - Dhaka | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Out | Inc | | Out | Inc | | Out | Inc | | Out | Inc |
| Saudia Airlines | Jan | 191261 | 52900 | Jan | NO FLIGHT | NO FLIGHT | Jan | 190061 | 38284 | Jan | Seat u/a | 40287 |
| | Feb | 191261 | 28113 | Feb | NO FLIGHT | NO FLIGHT | Feb | 190170 | 92369 | Feb | 150808 | 51426 |
| | Mar | 62883 | 39148 | Mar | NO FLIGHT | NO FLIGHT | Mar | 184302 | 94940 | Mar | 119494 | 53986 |
| | Apr | 67202 | 30698 | Apr | NO FLIGHT | NO FLIGHT | Apr | 71521 | 38284 | Apr | 62383 | 32220 |
| Biman | Jan | Seat u/a | 33386 | Jan | Seat u/a | 55793 | Jan | Seat u/a | 34987 | Jan | Seat u/a | Seat u/a |
| | Feb | 142069 | 38188 | Feb | 142069 | 38188 | Feb | Seat u/a | 34987 | Feb | Seat u/a | 40287 |
| | Mar | 61683 | 46190 | Mar | 61683 | 58993 | Mar | 73681 | 41389 | Mar | 118894 | 40287 |
| | Apr | 66482 | 38188 | Apr | 88078 | 30185 | Apr | 79680 | 30185 | Apr | 64903 | 29083 |
| Emirates Airlines | Jan | 165617 | 40752 | Jan | 156018 | 39888 | Jan | 158058 | 40848 | Jan | 161278 | 43107 |
| | Feb | 134782 | 40752 | Feb | 125063 | 39888 | Feb | 128063 | 40848 | Feb | 161278 | 43107 |
| | Mar | 59674 | 41330 | Mar | 57275 | 39888 | Mar | 66873 | 41457 | Mar | 62654 | 61896 |
| | Apr | 74356 | 41524 | Apr | 64398 | 40596 | Apr | 59598 | 41621 | Apr | 62818 | 43943 |
| Qatar Airways | Jan | 146533 | 42408 | Jan | 189126 | 50418 | Jan | 220081 | 50578 | Jan | 138955 | 45947 |
| | Feb | 83424 | 29549 | Feb | 100941 | 29164 | Feb | 105020 | 30861 | Feb | 106921 | 29759 |
| | Mar | 76949 | 42096 | Mar | 61948 | 42256 | Mar | 105744 | 42224 | Mar | 68167 | 44483 |
| | Apr | 69146 | 37295 | Apr | 61948 | 37615 | Apr | 62307 | 37295 | Apr | 65527 | 45635 |
| Air Arabia | Jan | 96379 | 18354 | Jan | 90579 | 18638 | Jan | NO FLIGHT | 22529 | Jan | NO FLIGHT | 26477 |
| | Feb | 79582 | 18354 | Feb | 89189 | 18638 | Feb | 90890 | 29173 | Feb | 29304 | 27647 |
| | Mar | 85269 | 20453 | Mar | 74879 | 21233 | Mar | Seat u/a | 34620 | Mar | 78992 | 30767 |
| | Apr | 64454 | 20063 | Apr | 51050 | 20843 | Apr | 56015 | 25130 | Apr | 56474 | 21939 |
| Jazira Airways | Jan | 114287 | 63526 | Jan | 97486 | 35665 | Jan | 162234 | 43252 | Jan | 116021 | 56139 |
| | Feb | 106196 | 32729 | Feb | 86327 | 20369 | Feb | 13344 | 26347 | Feb | 103826 | 50669 |
| | Mar | 83004 | 24666 | Mar | Seat u/a | Seat u/a | Mar | 83418 | 35649 | Mar | 75836 | 31988 |
| | Apr | 66200 | 29757 | Apr | Seat u/a | Seat u/a | Apr | Seat u/a | 31442 | Apr | 87449 | 34960 |

| Air Fare Comparisons from Kolkata | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Airline's Name | Riyadh - Kolkata | | | Dammam - Kolkata | | | Jeddah - Kolkata | | |
| | | Out | Inc | | Out | Inc | | Out | Inc |
| Air India | Jan | 55360 | 38326 | Jan | 43876 | 15183 | Jan | 59731 | 28243 |
| | Feb | 31315 | 19504 | Feb | 33923 | 15183 | Feb | 47192 | 26994 |
| | Mar | 26943 | 28371 | Mar | 28939 | 22257 | Mar | 33500 | 26994 |
| | Apr | 35020 | 28371 | Apr | 45039 | 22257 | Apr | 33563 | 31604 |

**এয়ার টিকেটের অস্বাভাবিকভাবে মূল্যবৃদ্ধির কারনঃ-**

১) **নাম, পাসপোর্ট, ভিসা ছাড়া গ্রুপ বুকিং করাঃ-** বিভিন্ন এজেন্সি চাহিদা না থাকা সত্ত্বেও যাত্রীদের কোন প্রকার পাসপোর্ট, ভিসা, ভ্রমন নথিপত্র, এবং প্রবাসগামী শ্রমিকদের কোন প্রকার বৈদেশিক ওয়ার্ক পারমিট এমনকি যাত্রী তালিকা ছাড়াই শুধুমাত্র ইমেইলের মাধ্যমে কতিপয় এয়ারলাইন্সের বিভিন্ন রুটের গ্রুপ সিট বুকিং নাম ছাড়া ২/৩ মাস অগ্রীম তারিখের পিএনআর (PNR) Passenger Name Record তৈরীপূর্বক সিট ব্লক করে রাখে কিন্তু এই পিএনআর এ কোন প্যাসেঞ্জার/যাত্রীর নাম উল্লেখ থাকে না। এজেন্সি বা যাত্রীগণ ঐ ফ্লাইটের টিকেট খালি আছে কি না তা জানার কোন সুযোগ থাকে না। নামবিহীন গ্রুপ সিট বুকিং এর কারণে টিকেট মজুতদারি করা হয় যার ফলে সিন্ডিকেট তৈরী হয়, আসন সংকট দেখা দেয় ফলে টিকেট মূল্য বৃদ্ধি পায়। এ ধরনের কার্যক্রমের ফলে বিদেশগামী শ্রমিক, স্টুডেন্ট, প্রবাসীরা চরম আর্থিক ক্ষতির মুখে পড়েন। মূলত বিদেশী মধ্যপ্রাচ্যগামী এয়ারলাইন্সগুলো ফ্লাইটের তারিখের অনেক আগেই আসন বিক্রয় নিশ্চিত করা ও অধিক মুনাফার জন্যই এই পদ্ধতি অবলম্বন করে রিয়াদ, দাম্মাম, জেদ্দা, ওমান, দোহা, কুয়ালালামপুর সহ বিভিন্ন রুটের টিকেট সিট ব্লক করে থাকে। যেমনঃ- পবিত্র ওমরাহ্, বিদেশে শ্রমিক প্রেরণ ইত্যাদি ক্ষেত্রে এই ধরনের নামছাড়া ওপেন গ্রুপ সিট বিক্রয় করে।

এ সকল সেক্টরের টিকেট ব্লক করলে তার সরাসরি প্রভাবে অন্যান্য সেক্টরের (যেমন লন্ডন, নিউ ইয়র্ক, ইউরোপ আমেরিকাসহ অন্যান্য সেক্টর) এয়ার টিকেট এর মূল্যও বৃদ্ধি পায়। মধ্যপ্রাচ্যগামী এয়ারলাইন্সগুলো এ ধরণে নাম ছাড়া গ্রুপ বুকিং করে তাদের পছন্দের গুটি কয়েক এজেন্সির মাধ্যমে বাজারে টিকেট বিক্রয় করে। এতে মার্কেট মনোপলি তৈরী হচ্ছে এবং ব্যাপক দুর্নীতি লক্ষ্য করা যাচ্ছে।

**(নমুনা গ্রুপ বুকিং)**

```
1 GF 251N 24SEP 2 DACBAH*HK15 0540  0815  /GCGF*OIOWZV /E
2 GF 183N 24SEP 2 BAHJED*HK15 1325  1540  /GCGF*OIOWZV /E
3 GF 184N 07OCT 1 JEDBAH*HK15 1640  1850  /GCGF*OIOWZV /E
4 GF 250N 07OCT 1 BAHDAC*HK15 2025  0440   08OCT 2
                                  /GCGF*OIOWZV /E
```


```
1   SV 803   17MAR   DAC-JED HK40    0150 0630
2   SV   808 31MAR JED-DAC HK40   0130 1110
```

২) **এয়ারলাইন্স কর্তৃক ফ্লাইট কমানো/ফ্রিকোয়েন্সি ব্যবহার না করাঃ-** অনেক এয়ারলাইন্স তাদের জন্য নির্ধারিত ফ্লাইট স্লট ও ব্যবহার করছেনা। তারা ফ্লাইট সংখ্যা কমিয়ে দিয়ে চাহিদা যোগানের ভারসাম্য নষ্ট করেছে। জুলাই-আগষ্টের আন্দোলনের পর দেশের ইনবাউন্ড ও আউটবাউন্ড যাত্রী পরিবহনে নেতিবাচক প্রভাব বিস্তার করে। দেশ থেকে বহির্গমন ও আগমনের হার কমে যায়। ফলশ্রুতিতে এয়ারলাইন্স তাদের ফ্লাইটের সংখ্যা হ্রাস করে। সম্প্রতি দেশের সর্বস্তরে স্বাভাবিক পরিস্থিতি ফিরে আসায় পর্যটকদের বহির্গমন ও আগমনের হার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং সাথে সাথে যাত্রীদের ফ্লাইটের চাহিদাও বৃদ্ধি পাচ্ছে। কিন্তু যাত্রীদের চাহিদার তুলনায় এয়ারলাইন্সের ফ্লাইটের সংখ্যা কম হওয়ায় আসন সংকট দেখা দিচ্ছে এবং টিকেটের মূল্য অসহনীয় পর্যায়ে বৃদ্ধি পেয়েছে। বিগত সময়ের তুলনায় বর্তমানে মধ্যপ্রাচ্যগামী নিম্নে উল্লিখিত এয়ারলাইন্সের ফ্লাইট ও আসন সংখ্যা কমানো হয়েছে। নাস এয়ারলাইন্সের সপ্তাহে ৫ টি ফ্লাইট পরিচালনা বন্ধ রেখেছে। এছাড়াও নিম্নে হ্রাসকৃত ফ্লাইটের বিবরণ দেয়া হলোঃ-

| ক্রমিক নং | এয়ারলাইন্সের ফ্লাইট পরিচালনার পূর্বের সংখ্যা | এয়ারলাইন্সের ফ্লাইট পরিচালনার বর্তমান সংখ্যা | প্রতি সপ্তাহে হ্রাসকৃত ফ্লাইটের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | **Air Arabia**<br>DAC to SHS Weekly Operate 35 Flight | **Air Arabia**<br>DAC to SHS Weekly 28 Flight | 7 |
| ২ | **Air Arabia**<br>CGP to SHS Weekly Operate 14 Flight | **Air Arabia**<br>CGP to SHS Weekly Operate 7 Flight | 7 |
| ৩ | **Fly Dubai**<br>DAC to DXB Weekly Operate 14 Flight | **Fly Dubai**<br>DAC to DXB Weekly Operate 7 Flight | 7 |
| ৪ | **Fly Dubai**<br>CGP to DXB Weekly Operate 14 Flight | **Fly Dubai**<br>CGP to DXB Weekly Operate 0 Flight | 14 |
| ৫ | **Jazeera Air**<br>CGP to KWT Weekly Operate 7 Flight | **Jazeera Air**<br>CGP to KWT Weekly Operate 0 Flight | 7 |
| ৬ | **Oman Air**<br>CGP to MST Weekly Operate 7 Flight | **Oman Air**<br>CGP to MST Weekly Operate 0 Flight | 7 |
| ৭ | **Saudi Airlines**<br>DAC to MED Weekly Operate 7 Flight | **Saudi Airlines**<br>DAC to MED Weekly Operate 4 Flight | 3 |
| | পূর্বে মোট ফ্লাইট = ৯৮ | বর্তমানে মোট ফ্লাইট = ৪৬ | হ্রাসকৃত ফ্লাইট = ৫২ |

এছাড়াও পূর্বে ফ্লাইটগুলো ২২০ জন যাত্রী ধারণক্ষমতা সম্পন্ন বড় এয়ারক্রাফট দ্বারা পরিচালিত হতো, কিন্তু বর্তমানে অধিকাংশ ফ্লাইট ১৬৮ জন যাত্রী ধারণক্ষমতার ছোট এয়ারক্রাফট ব্যবহার করা হচ্ছে যার ফলে প্রায় ১৬০০ আসন কমে গিয়েছে। মধ্যপ্রাচ্যগামী প্রায় সকল এয়ারলাইন্সকে অতিরিক্ত ফ্লাইট পরিচালনা করার জন্য আটাব অনুরোধ জানিয়েছে।

## ৩) ভাড়ার উদ্ধসীমা অতিরিক্ত পর্যায়ে নির্ধারন/অনুমোদন দেয়াঃ-



THE BANGLADESH GAZETTE, EXTRA., SEPTEMBER 20, 1984 11145

PART XVIII

AIR TRANSPORT SERVICES

288. **Licensing of air transport services.**—Except as provided in rule 217, no air transport service shall be established or shall operate within Bangladesh except under the authority of, and in accordance with, a licence issued by the Chairman:

Provided that the Chairman may permit the operation of air transport services to or across Bangladesh from and to places outside Bangladesh by persons not domiciled in Bangladesh or by companies registered outside Bangladesh with aircraft registered in or outside Bangladesh, on such terms and conditions as he may think fit.

289. **Filing of Tariff.**—(1) Every operator of an air transport service operating in accordance with rules 217 and 288 shall file with the Chairman, a tariff showing fares, rates and charges for air transportation of passengers and cargo to and from Bangladesh between the points served by it including the rates, terms and conditions of commission payable to the paseengers or sales agents.

(2) If an operator is participating in a joint tariff with other air transport services, a separate declaration shall also be filed with the Chairman confirming the applicability of the joint tariff.

(3) A tariff (including a joint tariff) or any amendment thereof shall be filed at least thirty days in advance of its introduction.

(4) The Chairman may, for reasons to be recorded in writing, reject any tariff so filed under this rule and any tariff so rejected shall be ineffective.


290. **Levy of fixed fares, rates and charges.**—(1) No operator shall charge or demand or collect or receive any greater or less or different compensation for air transportation or for any service connected therewith other than the approved fares, rates or charges.

(2) No operator shall, in any manner or by any device directly or indirectly or through any agent or broker or otherwise, refund or remit any portion of the approved fares, rates and charges or extend to any person any privileges or facilities with respect to any matters required by the Chairman under rule 289.

291. **Changes in tariff.**—(1) No change shall be made in fares, rates and charges or in classifications, rules regulations, practices or services affecting such fares, rates and charges or value of the services thereunder specified in any effective tariff including any change in the terms or conditions of the commission payable to the passenger or cargo sales agents except after previous approval by the Chairman.

(2) An application for such changes shall be made to the Chairman at least thirty days in advance.

(3) The Chairman may, for reasons to be recorded in writing, revise or disallow any change.



CIVIL AVIATION AUTHORITY OF BANGLADESH
HEADQUARTERS, KURMITOLA, DHAKA

No. CAAB/1703/AT/1546 Date: 16-05-2004

AIR TRANSPORT CIRCULAR NO. 2/2004

Subject: **Procedure for Operation of scheduled international air services by Foreign Operator/Carrier.**

This is for information and compliance of all concerned that for Operation of scheduled international air services by Foreign Operator/Carrier, the under mentioned procedures shall be followed:

A. The airline shall be formally designated in accordance with the provision of the Bilateral Air Services Agreement concluded between Bangladesh and the country concerned. A copy of the letter designating the airline shall be submitted with the application.

B. Application for permission for Operation of scheduled international air transport services by designated airline shall be submitted to the Chairman, Civil Aviation Authority of Bangladesh through Diplomatic Channel.

C. The original and two copies of the application along with the following information with supporting documents shall be submitted at least 45 (Forty Five) days before starting the operation.

**01. General:**

1.1 The full name of the applicant

1.2 The nature of the organization (Government, Private, Public Limited etc.)

1.3 The name of the country under the law of which it is organized.

1.4 Names and nationally of the Directors and Shareholders and their usual residential addresses. (Attach duly attested copies of the Nationality Certificate of Directors & Shareholders and copy of the Memorandum of Article of Association of the organization.)

1.5 Capital, Number of shares, share distribution.








1.6 Addresses of Principal office and operational offices including Telephone, Fax & Email numbers.

1.7 Proposed service: Passenger Cargo Passenger, Cargo & Mail

1.8 Audited Reports of the Organization and the Balance sheet.

1.9 Particulars regarding local agent or branch in Bangladesh.


Cont' Page- 2

৪) **সৌদি আরবে শ্রমিক যাত্রী পরিবহন বৃদ্ধি পাওয়াঃ-** দেশের বৈদেশিক মুদ্রা আয়ের অন্যতম প্রধান উৎস জনশক্তি রপ্তানী। দেশের প্রবাসী শ্রমিকদের আয়ের মাধ্যমেই বৈদেশিক মুদ্রার একটি বৃহৎ অংশ অর্জিত হয়ে থাকে। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) তথ্য অনুযায়ী ২০২৪ সনে ১০,১১,৯৬৯ জন শ্রমিক ছাড়পত্র নিয়ে বৈধভাবে বিভিন্ন দেশে নিয়োগপ্রাপ্ত হয় এর মধ্যে সৌদি আরব সবচেয়ে বড় শ্রমবাজার। বিএমইটির প্রাপ্ত তথ্য মতে সৌদি আরবে ২০২৪ সনে মোট ৬২৮৫৬৩ জন শ্রমিক নিয়োগ পায় এর মধ্যে সেপ্টেম্বর থেকে ডিসেম্বর মাসের মধ্যে ২৯৮৪৩০ জন শ্রমিক নিয়োগ পেয়েছে। অক্টোবর থেকে ডিসেম্বর মাসে দ্বিগুন হারে শ্রমিক নিয়োগ পেয়েছে । বিএমইটি কর্তৃক যে সকল শ্রমিকদের ম্যানপাওয়ার ছাড়পত্র সম্পন্ন হবে নির্ধারিত সময়ের মধ্যে সুলভমূল্যে তাদের ফ্লাইট ও টিকেট নিশ্চিত করা প্রয়োজন।

**Monthly Overseas Employment in 2024**

| Month | Name of The Country | | | | | | | | | | | | | | | | | | | | | Upto |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | KSA | UAE | Kuwait | Oman | Qatar | Bahrain | Lebanon | Jordan | Libya | Sudan | Malaysia | Singapore | S.Korea | UK | Italy | Japan | Egypt | Brunei | Mauritius | Iraq | Others | Misc. |
| January | 49,262 | 10,296 | 2,785 | 302 | 2,017 | - | 397 | 1,430 | 94 | 2 | 14,352 | 3,601 | 347 | 495 | 17 | 74 | - | - | 1 | - | 2,380 | - |
| Februry | 44,083 | 7,746 | 2,194 | - | 4,762 | - | 418 | 1,622 | 115 | 7 | 6,115 | 2,748 | 230 | 452 | 25 | 47 | - | - | 1 | - | 3,741 | - |
| March | 42,090 | 4,718 | 2,218 | - | 8,056 | - | 445 | 1,724 | 139 | 2 | 6,383 | 3,855 | 255 | 367 | 69 | 67 | - | - | - | - | 4,291 | - |
| April | 34,432 | 3,432 | 1,924 | - | 10,101 | - | 581 | 1,033 | 84 | 7 | 17,877 | 4,760 | 171 | 435 | 173 | 68 | - | - | 4 | - | 10,318 | - |
| May | 53,254 | 3,048 | 2,395 | - | 8,113 | - | 963 | 1,361 | 134 | 4 | 47,809 | 6,669 | 295 | 580 | 235 | 109 | - | - | - | - | 6,727 | - |
| June | 30,895 | 4,225 | 2,171 | - | 6,728 | - | 807 | 1,047 | 59 | 10 | 149 | 4,365 | 127 | 303 | 61 | 90 | - | - | - | - | 4,008 | - |
| July | 47,867 | 6,334 | 2,295 | 2 | 4,808 | - | 465 | 1,071 | 28 | 10 | 11 | 5,357 | 259 | 251 | 37 | 64 | - | - | - | - | 2,582 | - |
| August | 28,251 | 5,999 | 3,225 | 3 | 5,974 | - | 149 | 935 | 22 | 5 | 52 | 5,105 | 388 | 194 | 23 | 118 | - | - | - | 4 | 3,015 | - |
| September | 44,249 | 676 | 2,566 | 4 | 6,395 | - | - | 1,803 | 107 | - | 158 | 5,614 | 109 | 166 | 11 | 124 | - | - | - | 3 | 2,692 | - |
| October | 83,582 | 493 | 4,079 | 18 | 6,544 | - | - | 1,194 | - | 4 | 293 | 5,133 | 367 | 131 | 164 | 99 | - | 75 | - | 1 | 2,633 | - |
| November | 83,733 | 176 | 4,276 | 4 | 5,032 | - | - | 700 | - | 2 | 157 | 4,968 | 218 | 89 | 227 | 129 | - | 93 | 1 | 26 | 3,156 | - |
| December | 86,866 | 23 | 2,903 | 25 | 5,892 | - | - | 1,493 | - | 2 | 276 | 4,703 | 272 | 87 | 122 | 99 | - | 37 | - | 34 | 2,780 | - |
| **Total** | **628,564** | **47,166** | **33,031** | **358** | **74,422** | **-** | **4,225** | **15,413** | **782** | **55** | **93,632** | **56,878** | **3,038** | **3,550** | **1,164** | **1,088** | **-** | **205** | **7** | **68** | **48,323** | **-** |
| % | 62.11 | 4.66 | 3.26 | 0.04 | 7.35 | 0.00 | 0.42 | 1.52 | 0.08 | 0.01 | 9.25 | 5.62 | 0.30 | 0.35 | 0.12 | 0.11 | 0.00 | 0.02 | 0.00 | 0.01 | 4.78 | 0.00 |




| Month | KSA |
|---|---|
| January | 49,262 |
| Februry | 44,083 |
| March | 42,090 |
| April | 34,432 |
| May | 53,254 |
| June | 30,895 |
| July | 47,867 |
| August | 28,251 |
| September | 44,249 |
| October | 83,582 |
| November | 83,733 |
| December | 86,866 |
| Total | 628,564 |
| % | 62.11 |

**৫) চাহিদা ও ক্যাপাসিটির ভারসম্যহীনতা**
**৬) দেশীয় এয়ারলাইন্সের সক্ষমতার অভাব**
**৭) এয়ারলাইন্সের রেমিট্যান্স সমস্যা**

**আমরা মনে করি, এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও এয়ারলাইনস কর্তৃক যাত্রীর নাম, পাসপোর্ট, ভিসা ছাড়া বাল্ক টিকেট বিক্রয় ও মজুতদারি বন্ধ করার লক্ষ্যে নিম্নেবর্ণিত পদক্ষেপগুলি গ্রহণ করা জরুরীঃ-**

১) সিডিউল ফ্লাইট বৃদ্ধি করা, অতিরিক্ত ফ্লাইট পরিচালনার ব্যবস্থা করা, দ্রুত অনুমোদন দেয়া ও ওপেন স্কাই ঘোষনা করা যেন সকল দেশের এয়ারলাইন্স পরিবহন করতে আগ্রহী হয়।
২) নাম, পাসপোর্ট নাম্বার, ভিসা, ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স ব্যতীত কোন বুকিং করা যাবে না, সিট ব্লকের মাধ্যমে ফ্লাইটের ইনভেন্টরি ব্লক হয়ে যায়, যে কারণে মূল্য বাড়তে থাকে। এছাড়া কোন ট্রাভেল এজেন্সির কাছে প্রকৃত চাহিদা না থাকলেও এয়ারলাইন্সের কাছে দুই লাইনের একটি ইমেইল করে কৃত্রিম ডিমান্ডের তৈরি করে। কৃত্রিম ডিমান্ডের পরিমাণ প্রতিনিয়ত বাড়ছে এয়ারলাইন্সের এই পলিসির কারণে। ট্রাভেল এজেন্সিরা তার কাছে ডিমান্ড না থাকা সত্ত্বেও পণ্য মজুদ করার মতো এয়ার টিকেট মজুত করছে। এটা বন্ধ করতে হবে।
৩) বর্তমানে ৬০ (ষাট) হাজারেরও অধিক সিট এয়ারলাইন্সসমূহ ব্লক করে রেখেছে। এই সিটগুলি এখনই ওপেন করে দিলে উদ্ভুত সংকট দূর হয়ে যাবে।
৪) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সময়ের মধ্যে সমস্যা সমাধান না করতে পারলে সমস্যা আরও প্রকট হবে এবং যাত্রীসাধারণ উচ্চ মূল্যে টিকেট ক্রয় করতে বাধ্য হবে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয় হতে অতি দ্রুত সমাধানের নির্শেনা প্রদান করতে হবে।
৫) এয়ারলাইন্স এর ডিস্ট্রিবিউশন পলিসি ওপেন রাখতে হবে। জিডিএস/এনডিসি এ সিট সেল করার নির্দেশনা দিতে হবে এবং সকল এজেন্সিকে বিক্রয় করার সুযোগ দিতে হবে।
৬) বিভিন্ন রুটে সর্বোচ্চ ও সর্বনিম্ন ভাড়া বাস্তবসম্মতভাবে নির্ধারণ করা।
৭) এয়ারলাইন্স কর্তৃক হিডেন ফেয়ার এ গ্রুপ টিকেট / প্রাইভেট ফেয়ার এ টিকেট বিক্রয় বন্ধ করার নির্দেশনা।
৮) লেবার ফেয়ার নির্ধারন করা।
৯) ১০/ ২০ হাজার সিট/ টিকেট দিয়ে দেয়া হয় কোন কোন এজেন্সির কাছে এর মাধ্যমেই সিন্ডিকেটের উৎপত্তি। এজেন্সি প্রতি সর্বোচ্চ সেল সিলিং নির্ধারণ করতে হবে।
১০) শ্রমিক ও ওমরাহ যাত্রীদের এয়ারলাইন্স ফরমেটে টিকেট প্রদান করতে হবে যেখানে ভাড়া, এজেন্সি বিবরণ উল্লেখ করা বাধ্যতামূলক। প্রকৃত মূল্য যাত্রীর দৃষ্টিতে আসবে এর ফলে নির্ধারিত দামের অতিরিক্ত দাম নিতে পারবে না। মূল্য উল্লেখ ছাড়া টিকেট দেয়া যাবে না।
১১) জিএসএ কর্তৃক ভাড়া বৃদ্ধি ও কাউন্টার সেল বন্ধ করা।

১২) ১৯৮৪ সালের বেসামরিক বিমান চলাচল আইন ও বিধিমালা মেনে নিয়ন্ত্রণ করা।
১৩) বাজেট এয়ারলাইন্সগুলো অল্প টাকায় যাত্রী পরিবহন করার ঘোষণা দিয়ে থাকলেও বাংলাদেশ থেকে তারা লিগ্যাছি ক্যারিয়ারের মতই বেশি দামে টিকেট বিক্রি করে। বাজেট ক্যারিয়ার সংক্রান্ত বিধিমালা আছে কিনা না? না থাকলে সেটাও তৈরি করতে হবে।
১৪) এয়ারলাইন্স পরিচালনার যেই গাইডলাইন আছে সেখানে তাদের সেলস পদ্ধতি এবং মার্কেটিং পলিসি এদেশের জনগণের জন্য কোন রকমের নেগেটিভ ইম্প্যাক্ট না করে সেজন্য বিধিমালা প্রস্তুত করতে হবে।
১৫) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক),প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, আটাব/জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)/ বাংলাদেশ ব্যাংক এর সমন্বয়ে একটি টাস্কফোর্স গঠন করতে হবে - তারা চাহিদা, ক্যাপাসিটি ও সুবিধা অসুবিধা নিয়ে আলোচনা করবে, সমাধান করবেন। অসাধু ট্রাভেল এজেন্ট ও এয়ারলাইন্স স্টাফদের বিরুদ্ধে অভিযোগ থাকলে তারা ব্যবস্থা নিবেন। মোবাইলকোর্ট পরিচালনা করবেন।

বর্তমানে বাংলাদেশের ট্রাভেল এজেন্সি ও Aviation Sector-এ বিদ্যমান সমস্যাগুলি আপনাদের সম্মুখে তুলে ধরে আপনাদের মাধ্যমে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, Civil Aviation Authority Bangladesh (CAAB), বাংলাদেশ ব্যাংক এবং সংশ্লিষ্ট Airlines সমূহকে তা সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার অনুরোধ করছি। আমরা মাননীয় প্রধান উপদেষ্টার দৃষ্টি আকর্ষন ও তার হস্তক্ষেপ কামনা করছি।

উল্লেখিত বিষয় সম্পর্কে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সাথে আমরা আলোচনা করেছি এবং পরামর্শ প্রদান করেছি। চিহ্নিত সমস্যাবলীর দ্রুত সমাধান করলে এয়ার টিকেটের উচ্চমূল্য ও কৃত্রিম টিকেট সংকটের সমস্যাগুলোর সমাধান হবে এবং বাংলাদেশের Aviation Sector-এর উন্নয়নের পথ সুগম হবে।

প্রিয় সাংবাদিক ভাই ও বোন আপনাদের মাধ্যমে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট এই সকল সমস্যাবলি সমাধান করতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। এ সংক্রান্ত গৃহীত সকল কার্যক্রম বাস্তবায়নে আটাব সর্বদা সরকারকে সহায়তা প্রদান করবে।

প্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা পরিশেষে আটাবের আজকের সংবাদ সম্মেলনে উপস্থিত হওয়ার জন্য আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

**আবদুস সালাম আরেফ**
সভাপতি, আটাব